গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৪- ৮৬(১০০)

তারিখঃ ২১ মাঘ, ১৪৩০
০৪ ফেব্রুয়ারী, ২০২৪

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নবাবগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত হাট- বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য শর্তসাপেক্ষে আগ্রহী জনসাধারণ ও হাট-বাজার ব্যবসায়ীগণের নিকট হতে এ কার্যালয়ের নির্ধারিত ফরমে ক্যালেন্ডারে বর্ণিত তারিখে ১ম, ২য় ও ৩য় দফায় সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র (সিডিউল) দাখিলের পূর্বদিন পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, নবাবগঞ্জ ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, নবাবগঞ্জ শাখা হতে (অফেরৎযোগ্য) নির্ধারিত মূল্যে সংগ্রহ করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত তারিখে সকাল ০৯.০০টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুরে জমা দেয়া যাবে এবং একই দিনে বিকাল ৩.০০ টায় (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য, ১ম দফায় যে সমস্ত হাট-বাজার অনুমোদিত হবে ২য়, ৩য় দফায় ঐ সমস্ত হাট-বাজারের জন্য সিডিউল বিক্রয় করা হবে না। এ প্রক্রিয়া ৩য় দফা পর্যন্ত অব্যাহত থাকবে।

তফসিলভুক্ত হাট-বাজার

| ক্র: নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি কাঙ্খিত মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | (দরপত্র ক্যালেন্ডার) দরপত্র বিক্রি,দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জয়পুর | মনোহরপুর হাট | ১,২১,৯০০/- | ১,০০০/- | ০১। ১ম দফা<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>১১/০২/২০২৪ হতে ২২/০২/২০২৪ পর্যন্ত<br>(অফিস চলাকালীন সময়)<br>দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>২৬/০২/২০২৪<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত<br>০২। ২য় দফা<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>২৯/০২/২০২৪ হতে ০৭/০৩/২০২৪ পর্যন্ত<br>(অফিস চলাকালীন সময়)<br>দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>১১/০৩/২০২৪<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত<br>০৩। ৩য় দফা<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>১২/০৩/২০২৪ হতে ১৮/০৩/২০২৪ পর্যন্ত<br>(অফিস চলাকালীন সময়)<br>দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>২১/০৩/২০২৪<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | দরপত্র দাখিলের দিন বিকাল ৩.০০ ঘটিকা। |
| ০২ | ঐ | ভাগলপুর হাট | ৪১,৫১৬/- | ৫০০/- | | |
| ০৩ | বিনোদনগর | জালালগঞ্জ হাট | ৭০,৩৪৮/- | ৫০০/- | | |
| ০৪ | ঐ | রাঘবেন্দ্রপুর হাট | ২২,১৬৬/- | ৫০০/- | | |
| ০৫ | ঐ | কাঁচদহ হাট | ৩,৭১০/- | ৫০০/- | | |
| ০৬ | ঐ | নন্দনপুর হাট | ৭,১৭৩/- | ৫০০/- | | |
| ০৭ | ঐ | পাঠানগঞ্জ হাট | ৩৫,৮৮১/- | ৫০০/- | | |
| ০৮ | ঐ | নবাবগঞ্জ হাট | ১৭,৮৫,০২৩/- | ৪,২০০/- | | |
| ০৯ | গোলাপগঞ্জ | গোলাপগঞ্জ হাট | ৬৩,৬০০/- | ৫০০/- | | |
| ১০ | ঐ | রঘুনাথপুর হাট | ৭৩,১৫৭/- | ৫০০/- | | |
| ১১ | ঐ | ইসলামপুর হাট | ৫১,৪৩৫/- | ৫০০/- | | |
| ১২ | ঐ | কৈবুরচান হাট | ২৪,২৭৪/- | ৫০০/- | | |
| ১৩ | শালখুরিয়া | তিখুর হাট | ৮৩,০৩৩/- | ৫০০/- | | |
| ১৪ | পুটিমারা | মতিহারা হাট | ১,৮৭,৬০২/- | ১,০০০/- | | |
| ১৫ | ঐ | দলার দরগা হাট | ৭,০৮,৯২৮/- | ২,২০০/- | | |
| ১৬ | ঐ | চড়ারহাট হাট | ১,১৮,৮২৬/- | ১,০০০/- | | |
| ১৭ | ভাদুরিয়া | ভাদুরিয়া হাট | ২৫,৭৪,৯১৬/- | ৫,৮০০/- | | |
| ১৮ | দাউদপুর | দাউদপুর হাট | ১৭,৪৩,৬৯৮/- | ৪,২০০/- | | |
| ১৯ | মাহমুদপুর | মোগরপাড়া হাট | ১,৩১,৯৭০/- | ১,০০০/- | | |
| ২০ | ঐ | মহারাজপুর হাট | ৮,১৯৭/- | ৫০০/- | | |
| ২১ | ঐ | হলাইজানা হাট | ৩৫,৪০৪/- | ৫০০/- | | |
| ২২ | ঐ | দারিয়া হাট | ৬৪,৩১৪/ | ৫০০/- | | |
| ২৩ | কুশদহ | হিলির ডাংগা হাট | ৪৯,১৫৬/- | ৫০০/- | | |
| ২৪ | ঐ | কচুয়া ভবানীপুর হাট | ৪৪,৩৪৩/- | ৫০০/- | | |
| ২৫ | ঐ | আফতাবগঞ্জ হাট | ৩১,২০,৯১৯/- | ৭,০০০/- | | |

-:শর্তাবলী:-

১। ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুরের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।

CamScanner

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্রের সহিত প্রদেয় জামানত জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। সংশ্লিষ্ট হাট-বাজারের প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে লটারির মাধ্যমে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করবেন।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০২/২০২৪

(মো: আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।
ফোন নং- ০২৫৮৯৯২৯৯০১
unonawabganj@gmail.com

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৪- ৮৮৫(১০০)

তারিখঃ ২১ মাঘ, ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারী, ২০২৪

বিতরন: সদয় জ্ঞাতার্থে/ অবগতি ও কার্যার্থে: (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় , ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার ---------------------------------------------------------------- (সকল), দিনাজপুর ।
৯. সহকারী কমিশনার (ভূমি),তাঁকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা ---------------------------------------------------------------------- কর্মকর্তা , নবাবগঞ্জ, দিনাজপুর।

১১. অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা। তাঁকে ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ গুলোতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হলো।
১২. চেয়্যারম্যান/সচিব ---------------------------------------(সকল),ইউ,পি, নবাবগঞ্জ, দিনাজপুর । তাঁকে তার এলাকায় স্থানীয় হাট-বজারে মাইক/ঢোল-শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থাসহ সার্ভিস রিটার্ণ ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা -------------------------------------(সকল)নবাবগঞ্জ , দিনাজপুর। তাকে তার এলাকার স্থানীয় হাট-বাজারে মাইক/ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থাসহ সার্ভিস রির্টাণ ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
১৪. জনাব---------------------------------------------ইজারাদার,-------------------------------------- হাট-বাজার, নবাবগঞ্জ, দিনাজপুর।
১৫. সভাপতি/সম্পাদক, দৈনিক ----------------------- সংবাদপত্র --------------------------------------------তাঁকে স্বল্প পরিসরে

বিজ্ঞপ্তিটি এক দিন প্রকাশ করে প্রকাশিত সংবাদপত্রের কপি ও বিলসহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৬. নোটিশ বোর্ড, অত্র কার্যালয় ।
১৭. অফিস কপি।

০৪/০২/২০২৪

(মো: আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর ।
ফোন নং- ০২৫৮৯৯২৯৯০১
unonawabganj@gmail.com

CamScanner